গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

নং-ডিজিএনএম/শা-১/১শ-১২৪৮ /২০১৩/ তাং /১৪২৪। /২০১৮।

## অফিস আদেশ

জনাব শাহনাজ আক্তার(পিতা-এয়াকুব আলী), সিনিয়র স্টাফ নার্স, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম ১৫/০৮/২০১৫খ্রিঃ তারিখ হতে ৩১/১০/২০১৬খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ বছর ০২ মাস ১৬ দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থেকে অসুস্থ্যতার কারণ দেখিয়ে কর্তব্য কাজে যোগদানের অনুমতিসহ অনুপস্থিত দিন গুলি ছুটি মঞ্জুরীর জন্য আবেদন করেছেন। ফলে তার বিরুদ্ধে সরকারী কর্মচারী(শৃংখলা ও আপীল) বিধিমালা,১৯৮৫ সালে ৩(সি) ধারা মোতাবেক ডিজারশনের দায়ে বিভাগীয় মামলা রুজু পূর্বক অভিযোগ বিবরণী সহ অভিযোগনামা তার ঠিকানয় প্রেরণ করা হয়। তিনি উক্ত অভিযোগনামার জবাব ১৯/০৯/২০১৭খ্রিঃ তারিখ দাখিল করেন। বিভাগীয় মামলাটি তদন্তের জন্য জনাব মঞ্জুয়ারা বেগম, উপ-পরিচালক(শৃংখলা), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকাকে একক সদস্য বিশিষ্ট তদন্ত বোর্ডের তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হলো। তদন্ত কর্মকর্তা তদন্তের স্থান, তারিখ ও সময় নির্ধারণ পূর্বক সকলকে অবহিত করবেন।

কার্যপরিধিঃ

১। তদন্ত বোর্ডের তদন্ত কর্মকর্তা আগামী ১৫(পনের)টি কর্মদিবসের মধ্যে বিভাগীয় মামলাটি তদন্ত করে মতামতসহ প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারী বরাবরে দাখিল করিবেন।

(স্বাক্ষর)
**(তন্দ্রা শিকদার)**
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd
ফোন নং-৯১৩৬৬৭৪।

নং-ডিজিএনএম/শা-১/১শ-১২৪৮ /২০১৩/ ৬৫/১(২০) তাং ১৮/১০/১৪২৪। ০২/০২/২০১৮।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। অতিরিক্ত সচিব(আইন ও শৃংখলা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম।
৩। সিনিয়র সহকারী সচিব(নার্সিং), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জনাব মঞ্জুয়ারা বেগম, উপ-পরিচালক(শৃংখলা), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৪। সহকারী পরিচালক(নার্সিং) পরিচালক স্বাস্থ্য এর কার্যালয়, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৫। সেবা তত্ত্বাবধায়ক, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম।
৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৭। হিসাব রক্ষন কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৮। জনাব শাহনাজ আক্তার(পিতা-এয়াকুব আলী), সিনিয়র স্টাফ নার্স, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম।
৯। জনাব শাহনাজ আক্তার, সিনিয়র স্টাফ নার্স, প্রযত্নেঃ হাজী ইয়াকুব আলী, গ্রামঃ বৈরাগ, থানাঃ আনোয়ারা, জেলাঃ চট্টগ্রাম।
১০। পিএমআইএস শাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (অত্র আদেশটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য নির্দেশ প্রদান করা হলো)।

(স্বাক্ষর)
মহাপরিচালকের পক্ষে
উপ-পরিচালক(শৃংখলা)/(বাজেট)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

রেজিঃ/এডিঃ

নং-ডিজিএনএম/শা-১/১ফ-০৫/২০০৩/

/১৪২৪।
তাং----------------
/২০১৮।

প্রাপক ঃ

১। বর্তমান ঠিকানা
জনাব ফাহিমা আক্তার
পিতাঃ মৃত আব্দুল মোতালিব,
স্টাফ নার্স,
সিলেট এম,এ,জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট।

২। স্থায়ী ঠিকানা
জনাব ফাহিমা আক্তার
পিতাঃ মৃত আব্দুল মোতালিব,
স্টাফ নার্স,
গ্রামঃ দৌলতপুর, পোঃ রাজাপুর, থানাঃ ধর্ম পাশা, জেলাঃ সুনামগঞ্জ।

বিষয় ঃ জনাব ফাহিমা আক্তার (পিতাঃ মৃত আব্দুল মোতালিব), সিনিয়র স্টাফ নার্স, সিলেট এম,এ,জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা,১৯৮৫ অনুসারে আনীত অভিযোগনামা।

## অভিযোগনামা

যেহেতু জনাব ফাহিমা আক্তার (পিতাঃ মৃত আব্দুল মোতালিব), স্টাফ নার্স, সিলেট এম,এ,জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট এর বিরুদ্ধে গত ২৪/০৯/২০১৬খ্রিঃ তারিখ হতে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির বিষয়ে আপনার কর্তৃপক্ষের ২০/০৯/২০১৭খ্রিঃ তারিখের অভিযোগের প্রেক্ষিতে অত্র অধিদপ্তরের ০৩/১০/২০১৭খ্রিঃ তারিখের ৫৮৮৯ নং স্মারকে কৈফিয়ত তলব করা হয়। যার জবাবে আপনি অসুস্থ্যতার কারণে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন জানিয়ে জবাব আপনার কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের অনেক বিলম্বে ১১/০১/২০১৮খ্রিঃ তারিখ দাখিল করেছেন। আপনি ২৪/০৯/২০১৬খ্রিঃ তারিখ হতে ১০/০১/২০১৮খ্রিঃ তারিখ পর্যন্ত প্রায় ০১ বছর ০৩ মাস ১৭ দিন কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত ছিলেন। আপনার অসুস্থ্যতার বিষয়টি ইতোপূর্বে আপনার কর্তৃপক্ষকে অবহিত করেন নাই। আপনার এহেনভাবে কর্তৃপক্ষকে অবহিত না করে অননুমোদিতভাবে দীর্ঘ দিন কর্মস্থলে অনুপস্থিত থেকে কর্তব্য কাজে যোগদানের জন্য আবেদন করা সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা,১৯৮৫ সালের ৩(বি) ধারা মোতাবেক অসদাচনের আওতাভুক্ত অপরাধ।

সেহেতু, আপনাকে (জনাব ফাহিমা আক্তার, পিতাঃ মৃত আব্দুল মোতালিব, স্টাফ নার্স, সিলেট এম,এ,জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট) অসদাচনের দায়ে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ সালের ৩(বি) ধারা মোতাবেক অভিযুক্ত করা হলো এবং কেন একই বিধিমালার ৪(৩)(ডি) ধারা মোতাবেক আপনাকে সরকারী চাকুরী হতে বরখাস্ত করা হবে না বা উক্ত অধ্যাদেশের আওতায় অন্য কোন যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে না সে মর্মে এ অভিযোগনামা পাওয়ার ১০(দশ) কার্যদিবসের মধ্যে আপনাকে লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।

আপনাকে আরো জানানো যাচ্ছে যে, আপনি সাক্ষাতে কিছু বলতে চান কিনা এবং সাফাই সাক্ষী উপস্থাপন করতে চান কিনা তা বর্নিত সময়ের মধ্যে জানাবেন। এ অভিযোগনামা যার উপর ভিত্তি করে প্রণয়ন করা হয়েছে সে অভিযোগ বিবরণীর অনুলিপি অত্র পত্রের অপর পৃষ্ঠায় বর্ণনা করা হলো।

২৪/১
(তন্দ্রা শিকদার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd
ফোন নং-৯১৩৬৬৭৪।

নং-ডিজিএনএম/শা-১/১ফ-০৫/২০০৩/ ৬৬৯(৮)

২৮/১০ /১৪২৪।
তাং----------------
১১/০২ /২০১৮।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। অতিরিক্ত সচিব(চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, সিলেট এম,এ,জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট।
৩। নিরীক্ষা ও হিসাব রক্ষন কর্মকর্তা, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট।
৪। সিনিয়র সহকারী সচিব(নার্সিং), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সহকারী পরিচালক(নার্সিং), বিভাগীয় স্বাস্থ্য পরিচালকের কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট।
৬। সেবা তত্ত্বাবধায়ক, সিলেট এম,এ,জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট।
৭। মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৮। পিএমআইএস শাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (অত্র পত্রটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য নির্দেশ প্রদান করা হলো)।

মহাপরিচালকের পক্ষে
উপ-পরিচালক(শৃংখলা)/(বাজেট)

## অভিযোগ বিবরণী

জনাব ফাহিমা আক্তার (পিতাঃ মৃত আব্দুল মোতালিব), স্টাফ নার্স, সিলেট এম,এ,জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট এর বিরুদ্ধে গত ২৪/০৯/২০১৬খ্রিঃ তারিখ হতে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির বিষয়ে তার কর্তৃপক্ষের ২০/০৯/২০১৭খ্রিঃ তারিখের অভিযোগের প্রেক্ষিতে অত্র অধিদপ্তরের ০৩/১০/২০১৭খ্রিঃ তারিখের ৫৮৮৯ নং স্মারকে কৈফিয়ত তলব করা হয়। যার জবাবে তিনি অসুস্থ্যতার কারণে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন জানিয়ে জবাব তার কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের অনেক বিলম্বে ১১/০১/২০১৮খ্রিঃ তারিখ দাখিল করেছেন। তিনি ২৪/০৯/২০১৬খ্রিঃ তারিখ হতে ১০/০১/২০১৮খ্রিঃ তারিখ পর্যন্ত প্রায় ০১ বছর ০৩ মাস ১৭ দিন কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত ছিলেন। তিনি অসুস্থ্যতার বিষয়টি তার কর্তৃপক্ষকে ইতোপূর্বে অবহিত করেন নাই। তার এহেনভাবে কর্তৃপক্ষকে অবহিত না করে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থেকে কর্তব্য যোগদানের জন্য আবেদন করা সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা,১৯৮৫ সালের ৩(বি) ধারা মোতাবেক অসদাচনের আওতাভুক্ত অপরাধ।

৩১.১.১৮

(তন্দ্রা শিকদার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd
ফোন নং-৯১৩৬৬৭৪।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

রেজিঃ/এডিঃ

নং-ডিজিএনএম/শা-১/১আ-১৭/২০১৬/

/১৪২৪।
তাং-----------------
/২০১৮।

প্রতি ঃ বর্তমান ঠিকানাঃ
১। জনাব আলপনা গমেজ
পিতা- পল গমেজ
সিনিয়র স্টাফ নার্স
শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল(সংযুক্তিতে ৫০০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, ঢাকা) (মুগদা)

স্থায়ী ঠিকানাঃ
২। জনাব আলপনা গমেজ
পিতা- পল গমেজ
সিনিয়র স্টাফ নার্স
গ্রাঃ ও পোঃ আখড়াখোলা, থানাঃ ও জেলাঃ সাতক্ষীরা।

বিষয় ঃ কৈফিয়ত তলব প্রসংগে।

যেহেতু, আপনি জনাব আলপনা গমেজ(পিতা- পল গমেজ), সিনিয়র স্টাফ নার্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল(সংযুক্তিতে ৫০০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মুগদা, ঢাকা) এর বিরুদ্ধে আপনার স্থানীয় কর্তৃপক্ষ এ মর্মে অভিযোগ প্রেরণ করেন যে, আপনি গত ২৭/১০/২০১৭ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি অননুমোতিবভাবে কর্মস্থলে অনুপস্থিত আছেন। আপনার কর্তৃপক্ষের ২৩/১১/২০১৭খ্রিঃ তারিখের মুজেহা/প্রঃ /২০১৭/৩১৮০ নং স্মারক মোতাবেক আপনার অননুমোতিবভাবে কর্মস্থলে অনুপস্থিত কারণে কৈফিয়ত তলবে করেন। উহার জবাবে আপনি অসুস্থ্যতার কারণে অনুপস্থিত আছেন মর্মে জানিয়ে একটি আবেদন দাখিল করেন। উহার পর আপনি আপনার কর্তৃপক্ষের সহিত কোন প্রকার যোগাযোগ করেন নাই। আপনার কর্তব্য কাজে অনুপস্থিতির কারণে রোগীদের সেবা প্রদানের কাজে বিঘ্নতার সৃষ্টি হচ্ছে। আপনার এহেন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকা স্বেচ্ছাচারিতা ও কর্তব্যে অবহেলার সামিল। যা শাস্তিযোগ্য অপরাধ।

সেহেতু আপনি জনাব আলপনা গমেজ(পিতা- পল গমেজ), সিনিয়র স্টাফ নার্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল(সংযুক্তিতে ৫০০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মুগদা, ঢাকা) এর অনুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে কেন আপনার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না উহার কারণ অত্র পত্র জারীর ০৭(সাত) কার্মদিবসের মধ্যে আপনার কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারী বরাবরে দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

(তন্দ্রা শিকদার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd
ফোন নং-৯১৩৬৬৭৪।

নং-ডিজিএনএম/শা-১/১আ-১৭/২০১৬/ ৬৭/৮(৮)

২৬/১০ /১৪২৪।
তাং-----------------
০৮/০২ /২০১৮।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ
১। অতিরিক্ত সচিব(চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, ৫০০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মুগদা, ঢাকা/শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল।
৩। নিরীক্ষা হিসাব রক্ষন কর্মকর্তা, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল বিভাগ, বরিশাল।
৪। সিনিয়র সহকারী সচিব(নার্সিং), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সহকারী সচিব(শৃংখলা শাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সেবা তত্ত্বাবধায়ক, ৫০০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মুগদা, ঢাকা/শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল।
৭। মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৮। পিএমআইএস শাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (অত্র পত্রটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য নির্দেশ প্রদান করা হলো)।

০৮/০২/১৮
মহাপরিচালকের পক্ষে
উপ-পরিচালক(শৃংখলা)/(বাজেট)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।